## খাগড়াছড়ি পার্বত্য জেলাধীন যুব উন্নয়ন কার্যালয় এর বিষয়াদি, জনবল ও পরিসম্পদ খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের ব্যবস্থাপনায় ও নিয়ন্ত্রণে হস্তান্তরের চুক্তিনামা

যেহেতু খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ আইন ১৯৮৯(১৯৮৯ এর ২০ নং আইন, যা ১৯৯৮ সনের ৯ নং আইন দ্বারা সংশোধিত) এর ধারা ২২ ও ২৩(খ) এবং খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ(সংশোধন) আইন, ১৯৯৮ এর ১ম তফসিলের ২৭ নং ক্রমিকে উল্লেখিত কার্যাবলী বাস্তবায়নের নিমিত্ত সরকার নিম্নবর্ণিত শর্তে খাগড়াছড়ি পার্বত্য জেলাস্থ যুব উন্নয়ন কার্যালয় এর বিষয়াদি, জনবল ও পরিসম্পদ খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের ব্যবস্থাপনায় ও নিয়ন্ত্রণে হস্তান্তর করতে ইচ্ছা প্রকাশ করেছেন; এবং

যেহেতু সরকার ও খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের মধ্যে এ বিষয়ে আলোচনা হয়েছে এবং উক্ত আলোচনার পরিপ্রেক্ষিতে খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ খাগড়াছড়ি পার্বত্য জেলায় অবস্থিত যুব উন্নয়ন কার্যালয় এর জনবল ও পরিসম্পদ নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে পরিষদের ব্যবস্থাপনায় ও নিয়ন্ত্রণে নিতে সম্মত হয়েছে;

সেহেতু সরকার উপরিউক্ত আইনের ২৩(খ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের সম্মতিক্রমে খাগড়াছড়ি পার্বত্য জেলায় অবস্থিত যুব উন্নয়ন কার্যালয় এর বিষয়াদি, জনবল ও পরিসম্পদসমূহ প্রদত্ত শর্ত সাপেক্ষে খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের ব্যবস্থাপনায় ও নিয়ন্ত্রণে হস্তান্তর করলেন ঃ

(ক) কার্যাবলী ঃ

(১) বিভিন্ন বিষয়ে যুবদের দক্ষতাবৃদ্ধি মূলক প্রশিক্ষণ দান;
(২) প্রশিক্ষণান্তে আত্নকর্মসংস্থানে নিয়োজিত করার লক্ষ্যে উদ্বুদ্ধকরণ যুব ঋণ সহায়তাদান;
(৩) ভূমিহীন ও বেকার জনগোষ্ঠীর দারিদ্র বিমোচন কর্মসূচী;
(৪) যুবদের নেতৃত্ব বিকাশ ও মানবীয় গুনাবলী অর্জন কর্মসূচী;
(৫) পরিবেশ সংরক্ষণ ও বৃক্ষরোপন কার্যক্রমে অংশগ্রহণের জন্য যুবদের উদ্বুদ্ধকরণ;
(৬) যুব সংগঠনসমুহকে গোষ্ঠী উন্নয়ন কার্যক্রমে সম্পৃক্তকরণ কর্মসূচী;
(৭) পরিবার কল্যাণ ও জনসংখ্যা নিয়ন্ত্রণ কার্যক্রমে যুবদের নিয়োজিতকরণ;
(৮) স্থানীয় উন্নয়ন কর্মকান্ডে এবং সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় যুবদের অংশগ্রহণের সুযোগদান।

(খ) জনবল ঃ
উপ-পরিচালক, যুব উন্নয়ন কার্যালয় খাগড়াছড়ি জেলা এবং উক্ত কার্যালয়ের অধীন প্রশিক্ষণ কেন্দ্র ও উপজেলাসমূহের সকল কর্মকর্তা ও কর্মচারী।

(গ) বেতন-ভাতাসহ সকল ব্যয়ঃ
রাজস্ব ও উন্নয়ন খাতের কর্মকর্তা ও কর্মচারীগণের বেতন, ভাতাসহ কার্যালয় সংশ্লিষ্ট অন্যান্য ব্যয় খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ এর নিকট যুব উন্নয়ন অধিদপ্তর প্রধান কার্যালয় কর্তৃক ন্যস্ত করা হলো।

(ঘ) নিয়োগ, বদলী ও শৃংখলা ঃ
খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীর পদে পরিষদের বিধি/প্রবিধান অনুযায়ী নিয়োগ,আন্ত:উপজেলা বদলী, পদোন্নতি এবং শৃংখলামূলক ব্যবস্থা ইত্যাদি গ্রহণ করতে পারবেন। পরিষদের বিধি/প্রবিধান প্রণীত না হওয়া পর্যন্ত সকল কর্মকর্তা ও কর্মচারী প্রেষণে নিয়োজিত বলে গণ্য হবেন এবং প্রচলিত সরকারি বিধি/প্রবিধি/আদেশ দ্বারা নিয়ন্ত্রিত হবেন। যুব উন্নয়ন অধিদপ্তর খাগড়াছড়ি জেলা পরিষদ এলাকায় কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারীকে পরিষদের এলাকার বাইরে বদলি করতে পারবেন।

(ঙ) ছুটি ঃ

(১) নৈমিত্তিক ছুটি ঃ
জেলা পরিষদের চেয়ারম্যান এবং চেয়ারম্যান এর অনুপস্থিতিতে তাঁর দ্বারা ক্ষমতা প্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা (যিনি আবেদনকারী কর্মকর্তার নিম্ন পর্যায়ের কোন কর্মকর্তা হবেন না)উপ-পরিচালক এর নৈমিত্তিক ছুটি মঞ্জুর করবেন। অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীদের ক্ষেত্রে উপ-পরিচালক বা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নৈমিত্তিক ছুটি মঞ্জুর করবেন।

(২) অর্জিত ছুটি ও অন্যান্য ঃ
সরকারের বিদ্যমান ছুটি বিধিমালা প্রযোজ্য হবে। সকল কর্মকর্তার এতদসংক্রান্ত আবেদন ও অন্যান্য কাগজপত্র জেলা পরিষদের মাধ্যমে যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে।

(চ) বার্ষিক গোপনীয় অনুবেদন ঃ

(১) উপ-পরিচালক এর বার্ষিক গোপনীয় অনুবেদন জেলা পরিষদের চেয়ারম্যান লিখবেন এবং যথাযথ কর্তৃপক্ষের নিকট সংরক্ষণের জন্য প্রেরণ করবেন।

(২) পার্বত্য জেলায় কর্মরত সকল সহকারী পরিচালক এর বার্ষিক গোপনীয় অনুবেদন উপ-পরিচালক লিখবেন এবং জেলা পরিষদের চেয়ারম্যান প্রতিস্বাক্ষরান্তে যথাযথ কর্তৃপক্ষের নিকট সংরক্ষণের জন্য প্রেরণের ব্যবস্থা করবেন।

(৩) অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীদের ক্ষেত্রে প্রচলিত নিয়ম বহাল থাকবে।

(ছ) উন্নয়ন ও অন্যান্য বিষয়াদি সংক্রান্ত কার্যক্রম ঃ

(১) যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক কেন্দ্রীয়ভাবে গৃহীত প্রকল্প বাস্তবায়নকারী কর্তৃপক্ষ প্রকল্প বাস্তবায়ন করবে;

(২) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়/যুব উন্নয়ন অধিদপ্তর এবং খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ যৌথভাবে চুক্তিতে বর্ণিত বিধানসমূহ প্রয়োজন বোধে পর্যালোচনা করবেন এবং জনস্বার্থে ঐকমত্যের ভিত্তিতে এ চুক্তি পরিবর্তন, পরিবর্ধন এবং সংশোধন করতে পারবেন;

(৩) চুক্তি বাস্তবায়ন এবং ব্যাখ্যার ব্যাপারে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, যুব উন্নয়ন অধিদপ্তর এবং খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের মধ্যে কোন বিরোধ দেখা দিলে বিষয়টি নিস্পত্তির জন্য সরকারের নিকট পেশ করা হবে;

(৪) প্রায়োগিক জটিলতার কারণে যদি হস্তান্তরিত বিষয়/প্রতিষ্ঠানের পরিচালনায় অসুবিধার সৃষ্টি হয় বা সুষ্ঠু পরিচালনা বা বাস্তবায়ন অসম্ভব হয়ে পড়ে, তা হলে সরকার উক্ত অসুবিধা বা অবস্থা দূরীকরণার্থে আদেশ দ্বারা প্রয়োজনীয় যে কোন ব্যবস্থা গ্রহণ করতে পারবেন। উভয় ব্যাপারে সরকারের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য করা হবে।

(জ) অন্যান্য বিষয় ঃ

(১) চুক্তিনামায় যেসব বিষয় বর্ণিত বা অন্তর্ভূক্ত হয়নি, সেসব বিষয় সরকারের বিদ্যমান ও প্রযোজ্য আইন/বিধি/বিধিমালা অনুযায়ী পরিচালিত হবে;

(২) (ক) কেন্দ্রীয়ভাবে গৃহীত ও নিয়ন্ত্রিত প্রকল্পের পরিসম্পদ ব্যতিরেকে অত্র চুক্তিনামার আওতায় হস্তান্তরিত বিষয় সংশ্লিষ্ট যুব উন্নয়ন কার্যালয়ের নিজস্ব পরিসম্পদ আপাততঃ ব্যবহারের ক্ষমতা পরিষদের থাকবে এবং এসব পরিসম্পদ রক্ষণা-বেক্ষণের দায়িত্ব পরিষদ পালন করবে।

(খ) কেন্দ্রীয়ভাবে গৃহীত প্রকল্প বাস্তবায়নের সর্বপর্যায়ে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় জেলা পরিষদকে অবহিত রাখবে।

২। এ চুক্তি ২৯ ডিসেম্বর, ২০১১খ্রিঃ/ ১৫ পৌষ, ১৪১৮ বঙ্গাব্দ হতে কার্যকর হবে।

আমরা এই চুক্তিনামায় উপরে উল্লেখিত বিষয়গুলি বর্ণিত শর্ত সাপেক্ষে গ্রহণ করতে সম্মতি জ্ঞাপন করলাম।

২৯/১২/১১

(কুজেন্দ্র লাল ত্রিপুরা)
ভারপ্রাপ্ত চেয়ারম্যান
খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ
খাগড়াছড়ি।

(গাজী মিজানুর রহমান)
যুগ্ম-সচিব(প্রশাসন ও যুব)
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।

পর্যবেক্ষক

২১/১২/১১

(নব বিক্রম কিশোর ত্রিপুরা, এনডিসি)
ভারপ্রাপ্ত সচিব
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়।